গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

## সংবাদ গতিধারা

### ঢাকা, বুধবার ১ এপ্রিল ২০১৫, ১৮ চৈত্র ১৪২১

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। একনেক বৈঠকে বাংলাদেশ-ভারত বিদ্যুৎ লাইন উন্নয়নসহ ৬ প্রকল্প অনুমোদন
২। আইসিসি প্রেসিডেন্টের সঙ্গে অন্যায় করা হয়েছে : প্রধানমন্ত্রী
৩। রাজধানীতে বাসায় ঢুকে শিক্ষিকাকে পুড়িয়ে হত্যা
৪। আজ থেকে এইচএসসি পরীক্ষা শুরু : নির্ভয়ে পরীক্ষা দেওয়ার আহ্বান শিক্ষামন্ত্রীর
৫। সিটি কর্পোরেশন নির্বাচনে আসামি গ্রেফতারে নির্বাচন কমিশনের অনুমতি লাগবে না
৬। বিমানবন্দরের নিরাপত্তা বৃদ্ধির জন্য সিআরটি গঠন
৭। আজ থেকে জাটকা মাছ সংরক্ষণ সপ্তাহ শুরু
৮। ইয়েমেনে অবরুদ্ধ ছয় হাজার বাংলাদেশি নিরাপত্তাহীনতায়
৯। মেয়র-কাউন্সিলর প্রার্থীদের অনেকেই মামলার আসামি : নির্বাচন কমিশনে তালিকা দিল ডিবি
১০। আগামী বাজেটে নারীদের জন্য ১৩ শতাংশ উন্নয়ন বরাদ্দ দাবি

চলমান পাতা/২

১। একনেক বৈঠকে বাংলাদেশ-ভারত বিদ্যুৎ লাইন উন্নয়নসহ ৬ প্রকল্প অনুমোদন

ভারত থেকে বিদ্যুৎ আমদানি উন্নয়নসহ ৬ প্রকল্প অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। এগুলো বাস্তবায়নে মোট ব্যয় হবে ৫২ হাজার ৭৭৮ কোটি ১১ লাখ টাকা। এর মধ্যে সরকারি তহবিল থেকে ৪০ হাজার ৪৮১ কোটি ৭৫ লাখ, বৈদেশিক সহায়তা থেকে ১২ হাজার ১৭৮ কোটি ৬০ লাখ এবং সংস্থার নিজস্ব তহবিল থেকে ১১৭ কোটি ৭৬ লাখ টাকা। গতকাল ৩১ মার্চ মঙ্গলবার রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। এতে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপারর্সন শেখ হাসিনা। সূত্র-জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৪), সংবাদ (শেষ পৃ.,ক.১), ইত্তেফাক (পৃ.২,ক.৫), ডেইলি সান (পৃ.১,ক.৬)।

২। আইসিসি প্রেসিডেন্টের সঙ্গে অন্যায় করা হয়েছে : প্রধানমন্ত্রী

বিশ্বকাপ ক্রিকেটের ফাইনালে ট্রফি বিতরণী অনুষ্ঠানে আইসিসি প্রেসিডেন্ট আ হ ম মোস্তফা কামালকে ঢুকতে না দেওয়াকে দুঃখজনক বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেছেন, এটা অন্যায় হয়েছে। গতকাল ৩১ মার্চ মঙ্গলবার শেরেবাংলা নগরস্থ এনইসি সম্মেলন কক্ষে একনেক বৈঠকের শুরুতেই তিনি এ বিষয়ে কথা বলেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.১), প্রথম আলো (পৃ.২,ক.১), সমকাল (শেষ পৃ.,ক.৮), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.১), নিউজ টুডে (পৃ.১,ক.৫)।

৩। রাজধানীতে বাসায় ঢুকে শিক্ষিকাকে পুড়িয়ে হত্যা

জন্মদিনের শুভেচ্ছা জানানোর নামে রাজধানীর মোহাম্মদপুরে বাসায় ঢুকে বিআরটিএ কর্মকর্তা সীতাংশু শেখর বিশ্বাসের স্ত্রী কলেজ শিক্ষিকা কৃষ্ণা কাবেরী মন্ডলকে কুপিয়ে ও গায়ে আগুন দিয়ে হত্যা করেছে এক ব্যক্তি। এ সময় সীতাংশু শেখর বিশ্বাস, বড়মেয়ে শ্রুতি বিশ্বাস ও ছোট মেয়ে অত্রি বিশ্বাস আহত হন। তারা বর্তমানে মহাখালী মেট্রোপলিটন হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। সীতাংশু শেখর বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটির (বিআরটিএ) উপ-পরিচালক এবং কৃষ্ণা কাবেরী মোহাম্মদপুর মিশন ইন্টারন্যাশনাল কলেজে শিক্ষকতা করতেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৬), জনকণ্ঠ (পৃ.১,ক.৬), সমকাল (পৃ.১,ক.৩), ডেইলি স্টার (পৃ.১,ক.২), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৬)। প্রথম আলো, নিউ নেশন এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৪। আজ থেকে এইচএসসি পরীক্ষা শুরু : নির্ভয়ে পরীক্ষা দেওয়ার আহ্বান শিক্ষামন্ত্রীর

এইচএসসি ও সমমানের পরীক্ষা আজ ১ এপ্রিল বুধবার থেকে শুরু হচ্ছে। এবার ৮টি সাধারণ শিক্ষা বোর্ড, মাদ্রাসা ও কারিগরি বোর্ডের অধীনে ১০ লাখ ৭৩ হাজার ৮৮৪ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিচ্ছে। মোট অংশ নেওয়া পরীক্ষার্থীর মধ্যে এবার ছাত্র ৫ লাখ ৭০ হাজার ৯৯৩ ও ছাত্রী ৫ লাখ ২ হাজার ৮৯১ জন। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এইচএসসি ও সমমানের পরীক্ষার্থীদের নির্ভয়ে পরীক্ষা দেওয়ার আহ্বান জানিয়ে গতকাল ৩১ মার্চ মঙ্গলবার একটি বিবৃতি দিয়েছেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৫), জনকণ্ঠ (পৃ.১,ক.২), প্রথম আলো (শেষ পৃ.,ক.১), ডেইলি স্টার (পৃ.১,ক.১), নিউ নেশন (শেষ পৃ.,ক.৪)।

৫। সিটি কর্পোরেশন নির্বাচনে আসামি গ্রেফতারে নির্বাচন কমিশনের অনুমতি লাগবে না

নির্বাচন কমিশনার মো. শাহনেওয়াজ বলেছেন, তিন সিটি কর্পোরেশনের নির্বাচনে কেউ আইনের লঙ্ঘন করলে তার বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নেওয়া হবে। নির্বাচনে কে কীভাবে প্রার্থী হবেন তা আইনে স্পষ্টভাবেই বলা আছে। নির্বাচনকালীন এসব এলাকার পুলিশ কমিশনের অধীনেই কাজ করবে। তবে তাদের কোনো তালিকাভুক্ত আসামি বা সন্ত্রাসীকে গ্রেফতার করার জন্য নির্বাচন কমিশন থেকে পূর্বানুমতি নেওয়ার প্রয়োজন হবে না। গতকাল ৩১ মার্চ মঙ্গলবার আগারগাঁও নির্বাচন কমিশন কার্যালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এসব কথা জানান তিনি। সূত্র-সমকাল (পৃ.২,ক.৮), প্রথম আলো (পৃ.২,ক.৪), ইত্তেফাক (শেষ পৃ.,ক.৫), ডেইলি স্টার (পৃ.১,ক.৪), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.৭)।

৬। বিমানবন্দরের নিরাপত্তা বৃদ্ধির জন্য সিআরটি গঠন

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের নিরাপত্তা বৃদ্ধির জন্য বিমানবন্দর আর্মড পুলিশের বিশেষায়িত একটি টিম গঠন করা হয়েছে। ওই টিমের নাম দেওয়া হয়েছে ক্রাইসিস রেসপন্স টিম (সিআরটি)। সম্প্রতি রাজনৈতিক অস্থিরতা ও সম্ভাব্য নানা নিরাপত্তা হুমকি বিবেচনায় নিয়ে গঠন করা হয়েছে ওই টিম। দেশে-বিদেশে প্রশিক্ষিত ও দক্ষ ৫০ জন সদস্য নিয়ে ওই টিম গঠন করা হয়েছে। সূত্র-যুগান্তর (পৃ.২,ক.৭)।

৭। আজ থেকে জাটকা মাছ সংরক্ষণ সপ্তাহ শুরু

'জাটকা মাছ রক্ষা করি, ইলিশ সম্পদ বৃদ্ধি করি' স্লোগান নিয়ে আজ ১ এপ্রিল বুধবার থেকে শুরু হচ্ছে জাটকা সংরক্ষণ সপ্তাহ। জাটকা সংরক্ষণে জনসচেতনতা বাড়াতে সপ্তাহজুড়ে নানা কর্মসূচি হাতে নিয়েছে সরকার। গতকাল ৩১ মার্চ মঙ্গলবার মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়। সূত্র-যুগান্তর (পৃ.৩,ক.৪), সমকাল (পৃ.৩,ক.৪), ইনকিলাব (শেষ পৃ.,ক.১), ডেইলি স্টার (পৃ.১,ক.১), নিউ নেশন (শেষ পৃ.,ক.৫)।

৮। ইয়েমেনে অবরুদ্ধ ছয় হাজার বাংলাদেশি নিরাপত্তাহীনতায়

ইয়েমেনের রাজধানী সানাসহ বেশ কয়েকটি বড় শহরে ব্যাপকহারে বোমাবাজি ও বিমান হামলা শুরুর পর থেকেই দেশটিতে বিদেশি কর্মী কাজ করতে পারছেন না। তারা যে যেখানে ছিলেন সেখানেই অবরুদ্ধ অবস্থায় রয়েছেন। ইয়েমেন গৃহযুদ্ধে ৬ হাজারেরও বেশি বাংলাদেশি অবরুদ্ধ হয়ে পড়েছেন। তাদের দেশে ফিরিয়ে আনার বিষয়ে কোনো উদ্যোগ নেওয়া হয়নি। অন্য দেশের নাগরিকদের ইতোমধ্যে সরিয়ে নেওয়ার কাজ শুরু হয়েছে। এমন পরিস্থিতিতে বাংলাদেশসহ অন্য দেশের নাগরিকরা নিরাপত্তাহীন হয়ে পড়েছে। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.২), ইত্তেফাক (পৃ.২,ক.৮)।

৯। মেয়র-কাউন্সিলর প্রার্থীদের অনেকেই মামলার আসামি : নির্বাচন কমিশনে তালিকা দিল ডিবি

ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন নির্বাচনে মেয়র পদে ৪৭ জন এবং ৯২টি ওয়ার্ডে কাউন্সিলর পদে ১৩৩৪ জন সম্ভাব্য প্রার্থীর মধ্যে অধিকাংশের বিরুদ্ধে একাধিক মামলা রয়েছে। এসব প্রার্থীর বেশিরভাগই পলাতক। প্রকাশ্যে এলে পুলিশ তাদের গ্রেফতার করার ঘোষণা দিয়েছে। এ অবস্থায় প্রার্থী হলেও অনেকে শেষ পর্যন্ত ভোটারদের কাছে যেতে পারবেন না বলে আশঙ্কা রয়েছে। নির্বাচন কমিশন ও ঢাকা মহানগর পুলিশ সূত্র জানায়, মেয়র ও কাউন্সিলর পদে মনোনয়নপত্র জমাদানের পর পুলিশের পক্ষ থেকে তালিকা সংগ্রহ করা হয়েছে। এরপর সেগুলোর মধ্যে কার বিরুদ্ধে কি ধরনের মামলা রয়েছে এবং মামলার সর্বশেষ অবস্থা খতিয়ে দেখা হয়েছে। পরে সেই তালিকা গতকাল ৩১ মার্চ মঙ্গলবার রাতে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ নির্বাচন কমিশনে পাঠিয়েছে। সূত্র-ভোরের কাগজ, সংবাদ, যুগান্তর, ইনকিলাব এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

১০। আগামী বাজেটে নারীদের জন্য ১৩ শতাংশ উন্নয়ন বরাদ্দ দাবি

নারীর ক্ষমতায়নে আগামী অর্থবছরের বাজেটে নারীদের জন্য সরাসরি উন্নয়ন বরাদ্দ কমপক্ষে ১৩ শতাংশ করা ও জাতীয় নারী উন্নয়ন নীতি বাস্তবায়নে কার্যকর পদক্ষেপ নেওয়ার দাবি জানিয়েছেন নারী নেত্রীরা। তারা বলেছেন, বাজেট বরাদ্দ করলেই হবে না বাজেট ঠিকমতো ব্যয় হচ্ছে কিনা অথবা অব্যবহৃত থেকে যাচ্ছে কিনা সেটি পরিবীক্ষণ করা জরুরি। এজন্য মন্ত্রণালয় ভিত্তিক মনিটরিংয়ের উদ্যোগ নিতে হবে। গতকাল ৩১ মার্চ মঙ্গলবার জাতীয় প্রেসক্লাবে বাংলাদেশ নারী প্রগতি সংঘ আয়োজিত 'জাতীয় বাজেট ২০১৫-১৬ : নারীর ক্ষমতা' শীর্ষক সেমিনারে তারা এ দাবি জানান। সূত্র-সংবাদ (শেষ পৃ., ক.৪), ইত্তেফাক (পৃ.৩,ক.১), প্রথম আলো (পৃ.১২,ক.১), নিউ নেশন (শেষ পৃ.,ক.৬), ডেইলি সান (পৃ.২,ক.২)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো, জনকণ্ঠ, সমকাল, সংবাদ, ইনকিলাব, যায়যায়দিন, ভোরের কাগজ, ডেইলি স্টার, ডেইলি সান, ডেইলি অবজারভার, নিউ এজ : রাজধানীতে আবার ব্লগার ও অনলাইন লেখক খুন হওয়ায় খুনি এই অপশক্তিকে সমূলে উৎপাটন করতে আইন ও প্রশাসনিক কার্যক্রমের পাশাপাশি সর্বাত্মক সামাজিক ও রাজনৈতিক প্রতিরোধ গড়ে তোলার আহ্বান;

খ. ইত্তেফাক : কীটনাশকের ব্যবহার জনস্বাস্থ্যের জন্য ঝুঁকি হওয়ায় কৃষি, মৎস্য ও পশুপালনে জড়িত চাষীদের সঠিক পরামর্শ দিয়ে সচেতন ও সক্রিয় করে তোলার সুপারিশ;

গ. জনকণ্ঠ : দেশের বিদ্যমান বনাঞ্চল রক্ষায় বন উজারকারী ও বনের জমি দখলকারীদের বিরুদ্ধে কঠোর আইনগত ব্যবস্থা নেওয়ার আহ্বান;

ঘ. সমকাল, প্রথম আলো, যায়যায়দিন : আজ থেকে শুরু হওয়া উচ্চ মাধ্যমিক পরীক্ষা নির্বিঘ্নে চলার প্রত্যাশা;

ঙ. যুগান্তর : ঢাকা ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন নির্বাচনে নির্বাচন কমিশনের প্রতি সব দলের জন্য সমসুযোগের ক্ষেত্র নিশ্চিত করার আহ্বান;

চ. ডেইলি স্টার, নিউ নেশন : অবৈধভাবে বালু উত্তোলনের ফলে বঙ্গবন্ধু সেতু ঝুঁকির মুখে পড়ায় যথাযথ কর্তৃপক্ষকে বালু উত্তোলন বন্ধে দ্রুত আইনি ব্যবস্থা গ্রহণের সুপারিশ;

ছ. ইন্ডিপেনডেন্ট, নিউজ টুডে : আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল (আইসিসি) এর সভাপতি আ হ ম মুস্তফা কামালকে বিশ্বকাপ চ্যাম্পিয়ন অস্ট্রেলিয়ার হাতে ট্রফি তুলে দিতে না দেওয়ার ঘটনার সমালোচনা;

জ. নিউ নেশন : পুলিশ হেফাজতে সাংবাদিক নির্যাতনের ঘটনাকে অগণতান্ত্রিক আখ্যায়িত করে সমস্ত ঘটনা তদন্ত সাপেক্ষে দায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণসহ পুলিশকে যথাযথভাবে দায়িত্ব পালনের আহ্বান;

ঝ. নিউ এজ : দেশে পর্যাপ্ত মজুদ সত্ত্বেও ভারত থেকে চাল আমদানির সমালোচনা করে দ্রুত চাল আমদানি বন্ধ করার সুপারিশ;

ঞ. ফিনানসিয়াল এক্সপ্রেস : জনস্বার্থে আমদানিকৃত ফলমূল ও খাদ্যশস্যের রাসায়নিক উপস্থিতির পরীক্ষা যথাযথভাবে করার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

প্রথম আলো পত্রিকায় প্রকাশিত কলামে অপরিণত এ সমাজকে পরিণত পরিশুদ্ধ করে তুলতে একযোগে শিক্ষা-সংস্কৃতি রাজনীতিতে ব্যাপকভাবে কাজ করতে হবে। কেবল সুষ্ঠু নির্বাচন করে বেশি দূর যাওয়া যাবেনা বলে

উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

সমকাল পত্রিকায় প্রকাশিত 'সরকারি কলেজ বনাম পাবলিক বিশ্ববিদ্যালয়' শিরোনামের নিবন্ধে ড. আবদুল্লাহ ইকবাল দেশের সরকারি কলেজগুলোকে পাবলিক বিশ্ববিদ্যালয়ের অধীনে নেওয়ার বিষয়ে শুধু অধিভুক্তি পরিবর্তন করে ফলপ্রসূ পরিবর্তন নাও আনতে পারে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/মরজিনা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা